

বাংলাদেশে গ্রামের সংখ্যা কত?

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশে গ্রামের সংখ্যা কত? ৭৪ সাধারণ আদমশুমারিতে মোট গ্রামের সংখ্যা ছিল ৬৮ হাজার ৩৮৫টি। ৮৯ সালে সে সংখ্যা নেমেছে ৬৫ হাজার ৪৮৭টিতে।

জাহা্নে কি গ্রামের সংখ্যা কমে গেছে দেশে? গতকাল আদমশুমারির প্রাথমিক রিপোর্ট প্রকাশকালে পরিবর্তন মন্ত্রী ডঃ ফারুক উদ্দিন মাহমুদ বলেন যে গ্রামের সংখ্যা কমে নি। এবারের আদমশুমারিতে এটা ধরা পড়েছে যে গ্রামের সংখ্যা নয়, গ্রামের সংজ্ঞা নিয়ে একটা সমস্যা রয়েছে। গ্রাম বলতে কি বোঝায় তার সঠিক সংজ্ঞা থাকা উচিত।

এবারের আদমশুমারিতে দুই ধরনের গ্রাম অন্তর্ভুক্ত হয়েছে। একটি ৫০টি পরিবারের (খানা) কম এমন গ্রাম, অপরটি ৫০ পরিবার বা তার চেয়ে বেশি পরিবারের গ্রাম। বাংলাদেশে ৫০ খানার কম গ্রামের সংখ্যা হচ্ছে ২০ হাজার ১৬৩টি। এ গ্রামগুলোয় গড়ে লোকসংখ্যা হচ্ছে ১৭২।

৫০ পরিবার (খানা) বা তার বেশি খানার গ্রামের সংখ্যা হচ্ছে (শেষ পৃঃ ২-এর কঃ দঃ)

গ্রামের সংখ্যা

(প্রথম পৃঃ পর)

৬৫ হাজার ৪৮৭টি। এসব গ্রামে গড় লোকসংখ্যা হচ্ছে ১২৭৬।

দুই ধরনের গ্রাম মিলিয়ে কি মোট গ্রামের সংখ্যা ধরা হবে? জবাবে পরিবর্তন মন্ত্রী জানান যে ছোট গ্রামগুলো প্রকৃতপক্ষে বড় গ্রামগুলোরই অংশ বা সংশ্লিষ্ট এলাকা, যা গ্রাম নামে পরিচিত। বড় বড় গ্রাম পাতাল বিভক্ত হয়ে যাচ্ছে। নতুন এলাকাও গ্রামরূপে গড়ে উঠছে।

সে হাই হোক, এ পর্যন্ত বাংলা দেশে ৭৪ হাজার গ্রাম সরকার গঠিত হয়েছে বলে মন্ত্রী জানান। আদমশুমারির ফলাফলের পর এলাকা-জনসংখ্যার ভিত্তিতে গ্রামের আয়তন-সীমানা নির্ধারণের বিষয়টি বিবেচিত হতে পারে।

আদমশুমারির প্রাথমিক রিপোর্টে গ্রামে মোটের সংখ্যা হচ্ছে ৬০ হাজার ৩১৫ এবং ইউনিয়নের সংখ্যা হচ্ছে ৪ হাজার ৩৬৫।

অন্যান্য তথ্য: দেশের ৪টি বিভাগ: গড়ে জনসংখ্যা: দুই কোটি ১৭ লাখ ৬৩ হাজার। ২০টি জেলা: গড় লোকসংখ্যা: ৪৩ লাখ ৫২ হাজার ৫০০। ৭১টি মহকুমা: গড় লোকসংখ্যা ১২ লাখ ২৬ হাজার। ৪৬৯টি থানা: গড় লোকসংখ্যা: এক লাখ ৮৫ হাজার ৬০০।